***AH-III/Bengali-302-C-6/19***

# B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 30112** **Course Code : AH/BNG/302-C-6**

Course Title: বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) উইলিয়ম কেরির দুটি গ্রন্থের নাম উল্লেখ করো।

(খ) রচনাকালসহ জীবনানন্দ দাশের দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো।

(গ) বিহারীলালের শ্রেষ্ঠ কাব্য কোনটি? কয়টি সর্গ নিয়ে কাব্যটি গঠিত?

(ঘ) রবীন্দ্রনাথের দুটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(ঙ) 'দুর্গেশনন্দিনী' কার লেখা? গ্রন্থটির প্রকাশকাল লেখো।

(চ) দ্বিজেন্দ্রলাল রায়ের ইতিহাসশ্রয়ী দুটি নাটকের নাম লেখো।

(ছ) মধুসূদন দত্ত ও দীনবন্ধু মিত্রের একটি করে প্রহসনের নাম লেখো।

(জ) 'লোকরহস্য' এবং 'কমলাকান্তের দপ্তর' কার রচনা, কোন জাতীয় গ্রন্থ? গ্রন্থদুটির প্রকাশকাল লেখো।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) হেমচন্দ্রের বৃত্রসংহার কাব্যটি নিয়ে আলোচনা করো।

(খ) বাংলা গদ্য রচনায় রামমোহনের কৃতিত্ব বিচার করো।

(গ) 'ছোটগল্পের সার্থক রূপকার রবীন্দ্রনাথ'— সংক্ষেপে মন্তব্যটির যাথার্থ্য বিশ্লেষণ করো।

(ঘ) বাংলা নাট্য সাহিত্যের ইতিহাসে 'নীলদর্পণ' নাটকটির গুরুত্ব বিচার করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) কাব্যরচনায় মধুসূদনের কৃতিত্ব বিচার করো।

(খ) বাংলা গদ্যরীতি নির্মাণে ফোর্টউইলিয়ম কলেজের অবদান আলোচনা করো।

(গ) ঔপন্যাসিক শরৎচন্দ্রের কৃতিত্ব বিচার করো।

(ঘ) অমৃতলাল বসুর নাটকগুলির সাধারণ বৈশিষ্ট্য আলোচনা করো।

———————

***AH-III/Bengali-303-C-7/19***

# B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 30113** **Course Code : AH/BNG/303-C-7**

Course Title: ভাষাবিজ্ঞান (বর্ণনামূলক ভাষাবিজ্ঞান)

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) স্বরপথ (Glottis) কাকে বলে? ২

(খ) উপজিহ্বা বা অধিজিহ্বা কাকে বলে? ২

(গ) স্পুনারিজম্ কাকে বলে? উদাহরণ দাও। ২

(ঘ) সাদৃশ্য (Analogy) কাকে বলে? সাদৃশ্যের প্রভাবে শব্দের ধ্বনি পরিবর্তনের উদাহরণ দাও। ২

(ঙ) মূলরূপ (Morpheme) কাকে বলে? উদাহরণ দাও। ২

(চ) সমাসবদ্ধ শব্দ কাকে বলে? উদাহরণ দাও। ২

(ছ) অসিদ্ধ তৎসম শব্দ কাকে বলে? উদাহরণ দাও। ২

(জ) ঐতিহাসিক কারণে কীভাবে শব্দার্থ পরিবর্তিত হয় একটি উদাহরণের মাধ্যমে বোঝাও। ২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ধ্বনির উচ্চারণ ও ধ্বনির বৈচিত্র্য সৃষ্টিতে বাগ্‌যন্ত্র হিসাবে জিহ্বার ভূমিকা আলোচনা করো। ৫

(খ) স্বরাগমের সংজ্ঞা নির্দেশ করে বিভিন্ন শ্রেণির স্বরাগম সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৫

(গ) মৌলিক বা নিজস্ব শব্দের শ্রেণিবিভাগ বিষয়ে একটি আলোচনা উপস্থাপন করো। ৫

(ঘ) কোনো ধ্বনি বা ধ্বনিসমষ্টির রূপিম বা মূলরূপ হওয়ার শর্তগুলি নিজের ভাষায় ব্যাখ্যা করো। ৫

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ধ্বনির উচ্চারণ প্রক্রিয়া এবং ধ্বনির প্রকারভেদ সৃষ্টির ক্ষেত্রে স্বরযন্ত্র ও মুখের ছাদ বা তালুর ভূমিকা আলোচনা করো। ১০

(খ) ধ্বনির রূপান্তর কাকে বলে নির্দেশ করে ব্যঞ্জন-সংগতির বিভিন্ন শ্রেণি সম্পর্কে আলোচনা করো। ১০

(গ) শব্দের অর্থ পরিবর্তনের মধ্য দিয়ে কীভাবে একটি ভাষা-সম্প্রদায় বা জাতিগোষ্ঠীর অতীত ইতিহাস সম্পর্কে অনুসন্ধান চালানো যায় তা উপযুক্ত উদাহরণসহ ব্যাখ্যা করো। ১০

(ঘ) বাংলায় ক্রিয়ার রূপ নিয়ন্ত্রণে কাল (Tense)-এর ভূমিকা উদাহরণসহ আলোচনা করো। ১০

———————

*AH-III/Bengali-304-GE-3/19*

# B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 30114** **Course Code : AH/BNG/304-GE-3**

Course Title: ভাষার ইতিহাস (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সাহিত্যিক নিদর্শনগুলির নাম লেখো।

(খ) বেদের ভাষার প্রচলিত নাম কী?

(গ) উপভাষা কোন কোন অঞ্চলে প্রচলিত?

(ঘ) বাংলা ভাষা কোন ভাষা থেকে উদ্ভূত হয়েছে?

(ঙ) বুদ্ধদেব কোন ভাষায় উপদেশ দিতেন?

(চ) ভাষা ও উপভাষার পার্থক্য কী?

(ছ) 'অপিনিহিতি' কথার অর্থ কী?

(জ) স্বরভক্তি কথার অর্থ কী?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) রাঢ়ী উপভাষার বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লিপিবদ্ধ করো।

(গ) কামরূপী উপভাষা কোন কোন অঞ্চলে প্রচলিত আছে? এর ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(ঘ) টীকা লেখো ঃ প্রাকৃতভাষা

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) ভাষা ও উপভাষার তুলনামূলক আলোচনা করো।

(খ) ঝাড়খণ্ডী উপভাষার এলাকা উল্লেখ করে এই উপভাষার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

(গ) বঙ্গালী উপভাষার ধ্বনি ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের সঙ্গে বরেন্দ্রীউপভাষার ধ্বনি ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা করো।

(ঘ) প্রাচীন ও মধ্যভারতীয় আর্যভাষার তুলনামূলক আলোচনা করো।

---

*AH-III/Bengali-305-SEC-1/19*

# B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 30115** **Course Code : AH/BNG/305-SEC-1**

Course Title: ব্যবহারিক বাংলা ও অনুবাদ চর্চা

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

২×২০=৪০

(১) সংস্কৃত ণত্ববিধান কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?

(অ) তৎসম (আ) তদ্ভব (ই) অর্ধতৎসম

(২) বিকল্পাত্মক বিশেষণ হিসেবে নিম্নলিখিত কোনটির ব্যবহার যুক্তিযুক্ত?

(অ) কী (আ) কি (ই) দুটোই ব্যবহার করা যাবে

(৩) বাংলা আকাদেমি বানানবিধি অনুসারে ক্ষুদ, ক্ষেত, ক্ষ্যাপা প্রভৃতি অতৎসম শব্দের ক্ষেত্রে নিম্নলিখিত কোন নিয়মটি প্রযোজ্য?

(অ) 'ক্ষ' ব্যবহার করা উচিত।

(আ) 'ক্ষ' বর্জন করে 'খ' ব্যবহার করা উচিত।

(ই) 'খ'-এর পর য-ফলা ব্যবহার করা উচিত।

(৪) আরবি-ফারসি শব্দের ক্ষেত্রে শ-ষ-স-এর মধ্যে কোনটির ব্যবহার যুক্তিযুক্ত?

(অ) শ (আ) ষ (ই) স

(৫) নিম্নলিখিত কোন বানানটি শুদ্ধ?

(অ) অলংকার (আ) অলম্‌কার (ই) অলঙ্কার

(৬) যতির উপর কোনটি নির্ভরশীল?

(অ) বাক্যের অর্থ (আ) ছন্দের দোলা (ই) কোনোটিই নয়

(৭) যতি কয় প্রকার?

(অ) দুই প্রকার (আ) তিন প্রকার (ই) চার প্রকার

(৮) দুই পর্বের মধ্যস্থিত যতিকে কী বলা হয়?

(অ) অর্থযতি (আ) অর্ধযতি (ই) পূর্ণযতি

(৯) নিম্নলিখিত কোন বিকল্পটিতে যতির সঠিক ব্যবহার হয়েছে?

(অ) ভূতের মতন। চেহারা যেমন। নির্বোধ অতি। ঘোর।

(আ) ভূতের মতন। চেহারা যেমন।। নির্বোধ অতি। ঘোর।

(ই) ভূতের মতন। চেহারা যেমন। নির্বোধ অতি। ঘোর।।

(১০) পাদটীকা দেওয়ার সঠিক নিয়ম কোনটি?

(অ) গ্রন্থনাম, লেখকের নাম, প্রকাশকাল, পাবলিকেশন, পৃষ্ঠা

(আ) লেখকের নাম, গ্রন্থনাম, পাবলিকেশন, পৃষ্ঠা, প্রকাশকাল

(ই) লেখকের নাম, গ্রন্থনাম, পাবলিকেশন, প্রকাশকাল, পৃষ্ঠা

(১১) তথ্য-উৎসমূলক প্রকাশনার তালিকাকে কী বলা হয়?

(অ) গ্রন্থপঞ্জী (আ) পাদটীকা (ই) তথ্যনির্দেশ বা নির্দেশিকা

(১২) ফোনেমিক, লিটেরাল, মেট্রিক্যাল প্রভৃতি শব্দগুলি নিম্নলিখিত কোনটির সঙ্গে সম্পর্কযুক্ত?

(অ) অনুবাদ (আ) বানান (ই) তথ্যসূত্র

(১৩) 'সপ্তসিন্ধু দশ দিগন্ত'—গ্রন্থটির প্রথম সংস্করণের প্রকাশকাল কত?

(অ) বৈশাখ ১৩৫৩ (আ) মাঘ ১৩৫৩ (ই) মাঘ ১৩৫৪

(১৪) মহাভারতের বাংলা অনুবাদ প্রথম কে করেছিলেন?

(অ) কবীন্দ্র পরমেশ্বর (আ) শ্রীকর নন্দী (ই) কাশীরাম দাস

(১৫) চন্দ্রাবতী নিম্নলিখিত কোন গ্রন্থের অনুবাদের সঙ্গে যুক্ত?

(অ) রামায়ণের অনুবাদ (আ) মহাভারতের অনুবাদ (ই) ভাগবতের অনুবাদ

(১৬) বুদ্ধদেব বসুর 'স্তোত্র' কবিতাটি কোন কবির কবিতা থেকে অনুদিত?

(অ) নোভালিস (আ) শার্ল বোদলেয়র (ই) আর্তুর র‍্যাঁবো

(১৭) 'আমি বাঁচিয়েছি ধ্বস্ত প্রেমের আকৃতি .......'— কোন কবিতার অংশ?

(অ) একশব (আ) বনের দেবতা (ই) হেমন্ত

(১৮) 'বনের দেবতা' কবিতাটি কে, কার কবিতা থেকে অনুবাদ করেছেন?

(অ) বুদ্ধদেব বসু, পল ভেরলেনের

(আ) অলোকরঞ্জন দাশগুপ্ত, পল ভেরলেনের

(ই) বুদ্ধদেব বসু, জুল লাফর্গের

(১৯) অনুবাদ করতে গিয়ে অনুবাদককে সবচেয়ে বেশি সমস্যায় পড়তে হয় কোন ক্ষেত্রে?

(অ) কবিতা অনুবাদের ক্ষেত্রে (আ) গল্প অনুবাদের ক্ষেত্রে (ই) প্রবন্ধ অনুবাদের ক্ষেত্রে

(২০) লেখক যখন নিজের কোন লেখাকে অন্যভাষায় রূপান্তরিত করেন, তখন তাকে কোন ধরনের অনুবাদ বলে?

(অ) আক্ষরিক অনুবাদ (আ) অন্যকৃত অনুবাদ (ই) স্বকৃত অনুবাদ

*AP-III/Bengali-301C-1C/19*

# B.A. 3rd Semester (Programme) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 30118** **Course Code : AP/BNG/301C-1C**

Course Title: ভাষার ইতিহাস (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) প্রাচীন ভারতীয় আর্য ভাষার সময়সীমা নির্দেশ করো। এই ভাষার সাধারণ নাম কী? ২

(খ) বাংলা ভাষার দুজন বিখ্যাত ভাষাতাত্ত্বিকের নাম লেখো। ২

(গ) বাংলা ভাষার উদ্ভব ও বিকাশ সম্পর্কিত সুনীতি কুমার চট্টোপাধ্যায়ের বিখ্যাত গ্রন্থের নাম কী? সেই গ্রন্থটিকে সাধারণত সংক্ষেপে কী নামে বলা হয়? ২

(ঘ) ভাষাবিজ্ঞানের যুক্তিতে বাংলা ভাষার জননী কোন ভাষাকে বলা হয়? সেটি কোন ভারতীয় ভাষাবংশের অংশ? ২

(ঙ) মধ্যভারতীয় আর্য ভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো। ২

(চ) বাংলা ভাষার কটি উপভাষা ও কী কী? ২

(ছ) রাঢ়ী উপভাষার ভৌগোলিক সীমা নির্দেশ করো। ২

(জ) দুটি নব্যভারতীয় আর্য ভাষার উল্লেখ করো। ২

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) মধ্যভারতীয় আর্যভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(খ) বৃক্ষ চিত্রের সাহায্যে বাংলা ভাষার উৎপত্তির ইতিহাস লেখো।

(গ) আধুনিক কালে কোন উপভাষা মান্য চলিতে সাধারণত বেশি প্রচলিত? সেই উপভাষার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঘ) ভাষা ও উপভাষার সাধারণ সম্পর্ক নির্ণয় করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(খ) বঙ্গালী উপভাষার অঞ্চল নির্দেশ করে ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(গ) নব্যভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

(ঘ) বরেন্দ্রী ও কামরূপী বা রাজবংশী উপভাষার তুলনামূলক আলোচনা করো।

---

*AP-III/Bengali-304C-SEC-1/19*

# B.A. 3rd Semester (Programme) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 30110** **Course Code : APBNG-304C-SEC1**

Course Title: বাংলা ব্যাকরণ

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ২×২০=৪০

(১) বাংলায় সংবৃত স্বরধ্বনি কয়টি ও কী কী?

(অ) তিনটি; অ, আ, ঈ (আ) দুটি; আ, ঈ

(ই) দুটি; ই, উ (ঈ) তিনটি; আ, ঈ, উ

(২) কেন্দ্রীয় স্বরধ্বনি ও নিম্ন স্বরধ্বনি কোনটি?

(অ) অ (আ) অ্যা

(ই) আ (ঈ) উ

(৩) 'আমি কলকাতায় থাকি' এখানে সর্বমোট কয়টি ধ্বনি আছে?

(অ) ১২টি (আ) ১৫টি

(ই) ১৬টি (ঈ) ৩টি

(৪) তাড়িত ধ্বনি কয়টি ও কী কী?

(অ) দুটি; ড়, ঢ় (আ) দুটি; ধ, ল

(ই) দুটি; ত, থ (ঈ) তিনটি; প, ফ, ব

(৫) বাক্‌যন্ত্রের স্বল্পতম প্রচেষ্টায় একটি শব্দের যতটুকু অংশ উচ্চারণ করা যায় তাকে কী বলে?

(অ) অক্ষর (আ) বর্ণ

(ই) ধ্বনি (ঈ) স্বর

(৬) স্বরধ্বনি উচ্চারণের সময় শ্বাসবায়ু কোথায় বাধা পায়?

(অ) স্বর পল্লবে (আ) ঠোঁটে

(ই) জিভ ও তালুর সংস্পর্শে (ঈ) জিভ ও দাঁতের সংস্পর্শে

(৭) ধ্বনি বিপর্যয় কখন হয়?

(অ) একই শব্দের অন্তর্গত পাশাপাশি দুটি ব্যঞ্জনবর্ণের স্থান বিনিময়ে।

(আ) শব্দের আদিতে ও অন্তে নতুন বর্ণের আগমনে।

(ই) শব্দের আদি অক্ষরে শ্বাসাঘাত পড়লে।

(ঈ) শব্দের মধ্যে ই বা উ ধ্বনি থাকলে।

(৮) স্টেট > এস্টেট এটি কী জাতীয় ধ্বনি পরিবর্তন?

(অ) স্বরাগম (আ) ব্যঞ্জনাগম

(ই) স্বরসঙ্গতি (ঈ) ধ্বনি বিপর্যয়

(৯) পদ্ম > পদ্দ এটি কী জাতীয় ধ্বনি পরিবর্তন?

(অ) ব্যঞ্জনসঙ্গতি (আ) স্বর সঙ্গতি

(ই) স্বরভক্তি (ঈ) অভিশ্রুতি

(১০) গৃহিনী > গিন্নী এই পরিবর্তনকে কী বলে?

(অ) স্বরলোপ (আ) ব্যঞ্জন লোপ

(ই) স্বরসঙ্গতি (ঈ) স্বরভক্তি

(১১) রাতি > রাইতে > রেতে এই পরিবর্তনকে কী বলে?

(অ) অপিনিহিতি (আ) অভিশ্রুতি

(ই) সমাক্ষর লোপ (ঈ) সমীভবন

(১২) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারা কয়টি ও কী কী?

(অ) তিনটি; অর্থ বিস্তার, অর্থ সংকোচ, অর্থ সংক্রম

(আ) দুটি; অর্থের উন্নতি, অর্থের অবনতি

(ই) দুটি; অর্থ সংক্রম, অর্থের আগম

(ঈ) দুটি; অর্থের অবনতি, অর্থের আগম

(১৩) 'ইতর' শব্দটি কী ধরনের পরিবর্তন?

(অ) অর্থের উন্নতি (আ) অর্থের অবনতি

(ই) অর্থের বিস্তার (ঈ) অর্থ সংকোচ

(১৪) অর্থের অবনতি হয়েছে কোন শব্দটির?

(অ) অর্ধচন্দ্র (আ) বাতুল

(ই) মৃগ (ঈ) গঙ্গা

(১৫) 'আদাব' কী জাতীয় শব্দ?

(অ) আরবি (আ) তুর্কী

(ই) ফারসি (ঈ) পর্তুগিজ

(১৬) ইংরাজী 'Syntax' শব্দের বাংলা প্রতিশব্দ কী?

(অ) কাব্যতত্ত্ব (আ) রূপতত্ত্ব

(ই) বাক্যতত্ত্ব (ঈ) স্বনিম

(১৭) যে বাক্যে একটি উদ্দেশ্য ও একটি মাত্র বিধেয় থাকে তাকে কী বলে?

(অ) সরল বাক্য (আ) জটিল বাক্য

(ই) যৌগিক বাক্য (ঈ) মিশ্র বাক্য

(১৮) 'সাঁতার জানলে ভয়ের কিছু নেই।' বাক্যটি কী?

(অ) নির্দেশক বাক্য (আ) জটিল বাক্য

(ই) যৌগিক বাক্য (ঈ) প্রশ্নবোধক বাক্য

(১৯) 'তার এক পুত্র আছে যার নাম সত্যেন্দ্র।' বাক্যটি কী?

(অ) জটিল বাক্য (আ) সরল বাক্য

(ই) যৌগিক বাক্য (ঈ) প্রশ্নবোধক বাক্য

(২০) 'হরি খেলা করে'-এখানে বাক্যের উদ্দেশ্য কোনটি?

(অ) খেলা (আ) হরি

(ই) করে (ঈ) কোনোটিই নয়

---

*ACP-III/Bengali-303C/MIL-2/19*

## B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20

## BENGALI

**Course ID : 30119** **Course Code : ACPBNG-303C/MIL-2**

Course Title: সংস্কৃত ও ইংরেজি সাহিত্যের ইতিহাস, ছন্দ ও অলঙ্কার

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) ‘মৃচ্ছকটিক’ নাটকটির রচনাকারের নাম কী? ‘মৃচ্ছকটিক’ শব্দটির অর্থ কী?

(খ) কালিদাস রচিত দুটি কাব্যের নাম লেখো। কালিদাস কোন রাজার সভাকবি ছিলেন?

(গ) ভাসের নাটকগুলি কে আবিষ্কার করেন? ‘স্বপ্নবাসবদত্তা’ নাটকটির নায়ক চরিত্রের নাম লেখো।

(ঘ) কবি শেলির সম্পূর্ণ নামটি লেখো এবং তাঁর জন্ম ও মৃত্যুসন উল্লেখ করো।

(ঙ) ওয়াল্টার স্কট রচিত দুটি উপন্যাসের নাম লেখো। তিনি কোন ধরনের উপন্যাস রচনার জন্য বিখ্যাত?

(চ) বাংলায় প্রথম সনেট কে রচনা করেন? ‘সনেট’ শব্দটির বাংলা প্রতিশব্দ লেখো।

(ছ) পর্ব ও পর্বাঙ্গ কাকে বলে?

(জ) উদাহরণসহ অনুপ্রাস অলঙ্কারের সংজ্ঞা দাও।

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) গদ্যকাব্য হিসাবে বানভট্টের ‘কাদম্বরী’র সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

(খ) কীটসের কবিতার প্রধান বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(গ) ছন্দোলিপি প্রস্তুত করো—

আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দুদণ্ড শান্তি দিয়েছিল নাটরের বনলতা সেন।

(ঘ) অলঙ্কার নির্ণয় করো—

বসিলা যুবতী
পদতলে, আহামরি সুবর্ণ দেউটি
তুলসীর মূলে যেন জ্বলিল।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) আধুনিক ইংরেজি সাহিত্যের কবি হিসাবে এলিয়ট-এর কাব্য-প্রতিভার পরিচয় দাও।

(খ) নাট্যকার কালিদাসের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) মিশ্রকলাবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো।

(ঘ) রূপক অলঙ্কার কাকে বলে? উদাহরণসহ রূপক অলঙ্কারের পরিচয় দাও।

———————

***AH-III/Bengali-301-C-5/19***

# B.A. 3rd Semester (Honours) Examination, 2019-20

# BENGALI

**Course ID : 30111** **Course Code : AHBNG-301-C-5**

Course Title: বাংলা সংস্কৃতি চর্চা

**Time: 2 Hours** **Full Marks: 40**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৫=১০

(ক) 'Culture' শব্দটি মূল কোন শব্দ থেকে সৃষ্টি? সেই শব্দটি কোন ধাতু থেকে তৈরি হয়েছে?

(খ) 'ইতিহাস ও সংস্কৃতি' প্রবন্ধে খ্রিস্টীয় চতুর্থ ও খ্রিস্টীয় সপ্তম শতকে বঙ্গদেশে আগত দু'জন চৈনিক পরিব্রাজকের নাম লেখো।

(গ) বাঙালির আত্মকেন্দ্রিকতার কারণগুলি কী কী?

(ঘ) '...... এই তিনেরেই ক্রিয়া- প্রতিক্রিয়ায় এইভাবে, প্রতিযুগে সেই যুগের সমগ্র রূপ ফুটিয়া উঠিতেছে।'— তিনটি জিনিস কী কী?

(ঙ) 'আজ সমাজে দু'ধরনের ভ্যালু বা মূল্যবোধ দেখি।'— প্রাবন্ধিকের মতে এই দু'ধরনের মূল্যবোধগুলি কী কী?

(চ) 'ভবকাব্য ভদ্রকাব্য ভনে রামেশ্বর'— লাইনটি কোন কাব্যের অন্তর্গত? রচনাকারের সময়কাল উল্লেখ করো।

(ছ) 'লোকঐতিহ্যের রূপান্তর' প্রবন্ধে প্রাবন্ধিক লোকঐতিহ্য বলতে কী বুঝিয়েছেন?

(জ) বৈষ্ণবদের গলার তুলসী-মালার নাম কী? কেন এই নামকরণ?

২। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'যাহা হউক ''ইতিহাস''-এর ক্ষেত্র এখন একটু বেশ ব্যাপকভাবেই ধরা হয়...' প্রাবন্ধিক ইতিহাস সম্বন্ধে যে বিবরণ দিয়েছেন তা সংক্ষেপে লেখো।

(খ) 'সংস্কৃতির মানে কী'— এ প্রশ্নের উত্তরে প্রাবন্ধিক সংস্কৃতি বলতে কী বুঝিয়েছেন তা আলোচনা করো।

(গ) 'সংস্কৃতির গোড়াকার কথা তাই জীবিকা।'—জীবিকা কীভাবে সংস্কৃতির গোড়াকার কথা হয়ে উঠল তা প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) পৃথিবীর সব দেশের লোকসমাজে প্রচলিত সমস্ত ট্যাবুকে বিশ্লেষণ করলে যে বিষয়গুলি চোখে পড়ে সেগুলি নিজের ভাষায় বর্ণনা করো।

৩। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০×২=২০

(ক) বাঙালির লোকধর্মের ভিতর বাঙালি সংস্কৃতির রহস্য কীভাবে লুকিয়ে রয়েছে তা 'ইতিহাস ও সংস্কৃতি' প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও?

(খ) '..... সংস্কৃতির তিন অবয়ব বা তিন প্রকার অবলম্বন আছে, দেখিতে পাই।'— পাঠ্য প্রবন্ধ অবলম্বনে এই তিন প্রকার অবয়ব সংস্কৃতির ধারক ও বাহক হিসেবে কতখানি গুরুত্বপূর্ণ তা আলোচনা করো।

(গ) 'প্রেম হচ্ছে বিরহের কেন্দ্রস্থল'— প্রেম বিরহের কেন্দ্রস্থল কেন তা তোমাদের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।

(ঘ) লোকঐতিহ্যে লোকসমাজের যে নানামুখী উৎকর্ষের পরিচয় পাওয়া যায় তা 'লোকঐতিহ্যের রূপান্তর' প্রবন্ধ অবলম্বনে বর্ণনা করো।